রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৭, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

জল প্রশাসন শাখা

## প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই ডিসেম্বর, ১৯৯০/২৮শে অগ্রহায়ণ, ১৩৯৭

এস, আর, ও নং ৪২৮-আইন/৯০/জপ্র/বিধি-২/৯০—Bangladesh Inland Water Transport Authority Ordinance, 1958 (E. P. Ord. LXXV of 1958) এর Section 19 এর sub-section (3) [উক্ত section এর sub-section (2) এর clause (VII) সহ পঠিত] তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদসংক্রান্ত পূর্বের প্রণয়নকৃত সকল বিধিমালা রহিতকরণপূর্বক সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।—(১) এই বিধিমালা নৌ-সংরক্ষণ ও পরিচালন এবং পথ নির্দেশনা ফিস বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সাধারণ নিয়ম অনুযায়ী এবং কোন বিশেষ বিধির ক্ষেত্রে উল্লিখিত তারিখ/সময় হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অভ্যন্তরীণ জাহাজ" বলিতে ইনল্যাণ্ড শিপিং অধ্যাদেশ, ১৯৭৬ (Ord. No. LXXII of 1976) এ বর্ণিত জাহাজকে বুঝাইবে; এবং

(খ) "মালিক" বলিতে অভ্যন্তরীণ জাহাজের নিবন্ধনকৃত সনদে উল্লিখিত মালিককে বুঝাইবে।



মূল্য: ৬০ পয়সা

৩। নৌ-সংরক্ষণ ফি।—(১) প্রত্যেক অভ্যন্তরীণ জাহাজের উপর নিম্নোক্ত হারে ধার্য্যকৃত নৌ-সংরক্ষণ ফি জাহাজ মালিককে পরিশোধ করিতে হইবে, যথাঃ—

(ক) যাত্রীবাহী অভ্যন্তরীণ জাহাজ .. টাকা ৩৬ প্রতি যাত্রী প্রতি বৎসর।

(খ) অভ্যন্তরীণ মালবাহী জাহাজের জন্য ঃ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (১) কোস্টার | টাকা ৩৯ | প্রতি | গ্রস | টন | প্রতি | বৎসর |
| (২) অয়েল ট্যাংকার | ,, ৮৮ | ,, | ,, | | ,, | ,, |
| (৩) ফ্লাট | ,, ৭ | ,, | ,, | | ,, | ,, |
| (৪) বার্জ | ,, ৭ | ,, | ,, | | ,, | ,, |
| (৫) টাগ | ,, ১২ | ,, | ,, | | ,, | ,, |
| (৬) স্বয়ংক্রিয় যন্ত্রচালিত নৌ-যান (Self-propelled vessel). | ,, ১৪ | ,, | ,, | | ,, | ,, |

(২) উপ-বিধি (১) (ক) এর অধীনে পরিশোধযোগ্য ফিস অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজের ধারণ ক্ষমতার ভিত্তিতে নিরূপিত হইবে। নির্ধারিত ও নিরূপিত ফিস নিম্ন পদ্ধতিতে আদায়যোগ্য হইবেঃ

(ক) উপ-বিধি (১) (ক) মোতাবেক নৌ-সংরক্ষণ ফিস হিসাবে বাৎসরিক পরিশোধযোগ্য অংককে ৩৬৫ দিন দ্বারা ভাগ করিয়া দৈনিক হার নির্ণয় করিতে হইবে;

(খ) নৌ-সংরক্ষণ ফিস এর দৈনিক হার নির্ণয়ে কোন ভগ্নাংশ হইলে উহাকে নিকটবর্তী টাকায় রূপান্তরিত না করিয়া সঠিক হিসাব অনুযায়ী আদায় করিতে হইবে;

(গ) দিবা ভাগে চলাচলকারী যাত্রীবাহী জাহাজের বেলায় দিবাকালীন ধারণ ক্ষমতা অনুযায়ী নৌ-সংরক্ষণ ফিস এর দৈনিক হার নির্ণয় করিতে হইবে;

(ঘ) রাত্রিকালীন চলাচলকারী যাত্রীবাহী জাহাজের বেলায় রাত্রিকালীন ধারণ ক্ষমতা অনুযায়ী নৌ-সংরক্ষণ ফিস এর দৈনিক হার নির্ণয় করিতে হইবে;

(ঙ) আংশিক দিবাভাগে এবং আংশিক রাত্রিকালীন চলাচলকারী যাত্রীবাহী জাহাজের বেলায় দিবা ও রাত্রিকালীন ধারণ ক্ষমতার গড় হিসাব অনুযায়ী নৌ-সংরক্ষণ ফিস এর দৈনিক হার নির্ণয় করিতে হইবে;

(চ) কোন যাত্রীবাহী জাহাজের মালিক পূর্ব প্রচলিত পদ্ধতিতে অর্থাৎ ত্রৈমাসিক কিস্তিতে নৌ-সংরক্ষণ ফিস পরিশোধ করিতে চাহিলে উহা উপ-বিধি (৪) মোতাবেক করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (১) এবং উপ-বিধি (২) বিগত ১-১০-৮৯ইং তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) ত্রৈমাসিক কিস্তিভিত্তিক ফিস নিম্নোক্তভাবে পরিশোধ করা যাইবেঃ—

(ক) ১ম ত্রৈমাসিক কিস্তি (জুলাই—সেপ্টেম্বর) ৩১শে অক্টোবর এর মধ্যে পরিশোধযোগ্য;

(খ) ২য় ত্রৈমাসিক কিস্তি (অক্টোবর—ডিসেম্বর) ৩১শে জানুয়ারীর মধ্যে পরিশোধ-যোগ্য;

(গ) ৩য় ত্রৈমাসিক কিস্তি (জানুয়ারী—মার্চ) ৩০শে এপ্রিলের মধ্যে পরিশোধযোগ্য;

(ঘ) ৪র্থ ত্রৈমাসিক কিস্তি (এপ্রিল—জুন) ৩১শে জুলাই এর মধ্যে পরিশোধযোগ্য।

৪। নিষ্ক্রীয়তার জন্য মওকুফ।—(১) অভ্যন্তরীণ জাহাজের মালিক তাহার অভ্যন্তরীণ চলাচলকারী জাহাজের নিষ্ক্রীয়তাজনিত মওকুফের সুবিধা নিম্নবর্ণিত হারে ভোগ করিতে পারিবেন ঃ

(ক) প্রতি নিষ্ক্রীয় সপ্তাহের জন্য প্রতিটি যাত্রীবাহী জাহাজের বেলায় "মওকুফ" প্রযোজ্য হইবে। তবে প্রতি এক সপ্তাহের কম সময়ের জন্য কোন নিষ্ক্রীয়তাজনিত মওকুফ সুবিধা প্রদান করা হইবে না। ইহা বিগত ১-১০-৮৯ইং তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) প্রত্যেক অভ্যন্তরীণ মালবাহী জাহাজের নিষ্ক্রীয়তার জন্য ১ম ৬০ (ষাট) দিনের পর প্রতি ৩০ (ত্রিশ) দিনের নিষ্ক্রীয়তার জন্য বাৎসরিক ফিস এর ১/১০ হারে প্রযোজ্য হইবে।

(২) উপ-বিধি (১) এর আওতায় মওকুফ সুবিধা ভোগের জন্য, জাহাজ মালিক ফরম "এ" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ হইতে মওকুফের সমর্থিত সনদ পত্র দাখিল করিবেন।

৫। ফিস পরিশোধ এবং রিটার্ণ দাখিল।—(১) সংশ্লিষ্ট অভ্যন্তরীণ জহাজের নিষ্ক্রীয়তা-জনিত যে কোন মওকুফ বিধি-৪ এর উপ-বিধি (২) অনুযায়ী সমন্বয় স্বাপেক্ষে কর্তৃপক্ষের নির্দেশিত পদ্ধতিতে অভ্যন্তরীণ জাহাজ মালিককে নৌ-সংরক্ষণ ফিস এই বিধিমালা মোতাবেক পরিশোধ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যদি কখনও কোন মওকুফ সুবিধাভোগকারী জাহাজ মালিকের মওকুফ সুবিধাভোগের প্রদত্ত বিবরণী কোনভাবে অসত্য বা মিথ্যা তথ্যের উপর বলিয়া প্রতীয়মান হয়, সেইক্ষেত্রে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবার অধিকার থাকা স্বত্বেও কর্তৃপক্ষ জাহাজ মালিককে প্রতি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজের জন্য টাকা ৫০০ (টাকা পাঁচশত) মাত্র এবং প্রতি অভ্যন্তরীণ মালবাহী জাহাজের জন্য টাকা ১,০০০ (টাকা এক হাজার) মাত্র জরিমানা করিতে পারিবে।

(২) এই বিধিমালায় নির্ধারিত পরিশোধের তারিখ অতিক্রান্তের পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ফরম "বি" অনুযায়ী জাহাজ মালিক কর্তৃপক্ষের নিকট ফিস পরিশোধের রিটার্ণ দাখিল করিবেন।

(৩) নির্ধারিত সময়ের মধ্যে ফিস পরিশোধ না করা হইলে, অভ্যন্তরীণ চলাচলকারী সংশ্লিষ্ট জাহাজের অনাদায়ী পাওনার উপর, ব্যাংকের প্রচলিত সুদের হার অনুযায়ী "সুদ" ধার্য্য করা হইবে এবং জাহাজ মালিক তাহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৬। পথ নির্দ্দেশনার জন্য ফিস।—কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পাইলটেজ সার্ভিস প্রদানের জন্য পথ নির্দ্দেশনা ফিস প্রতি বিট বা তার অংশ বিশেষের জন্য টাকা ১২৫ (টাকা একশত পঁচিশ) মাত্র হারে ধার্য্যকরা হইবে। তাহা অভ্যন্তরীণ জাহাজ মালিক কর্তৃপক্ষকে পরিশোধ করিবে। এই বিধি অনুযায়ী ধার্য্যকৃত পথ নির্দ্দেশনা ফিস বিগত ১-৭-৮৯ইং তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

ব্যাখ্যা—এই বিধিমালায় প্রতি ৮ (আট) ঘন্টার পাইলটেজ সার্ভিস "এক বিট" হিসাবে গণনা করা হইবে।

গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) সৈয়দ আহমাদ
সচিব।

ফরম 'ঞ'

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

অর্থ বিভাগ

অভ্যন্তরীণ জাহাজের নিষ্ক্রিয়তা সনদ পত্র।

মালিক/মালিকগণের নাম...................................................

ঠিকানা...................................................

| অভ্যন্তরীণ জাহাজের নাম | রেজিস্ট্রেশন নং | যদি অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ হয় মোট ধারণ ক্ষমতা (Gross Tonnage). |
|---|---|---|
| ১ | ২ | ৩ |

| যদি অভ্যন্তরীণ মালবাহী জাহাজ হয় মোট ধারণ ক্ষমতা (Gross Tonnage). | নিষ্ক্রিয়তাজনিত সময়। | মওকুফ দাবী | মন্তব্য |
|---|---|---|---|
| ৪ | ৫ | ৬ | ৭ |

ফরম 'বি'

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

অর্থ বিভাগ

জলপথ সংরক্ষণ ফিস এর ত্রৈমাসিক রিটার্ণ

মালিক/মালিকগণের নাম ..........................................

ঠিকানা ..........................................

..........................................

| ক্রমিক নং। | অভ্যন্তরীণ জাহাজের নাম রেজিস্ট্রেশন নং সহ। | অভ্যন্তরীণ জাহাজের প্রকার। | মালবাহী/যাত্রীবাহী জাহাজের ধারণ ক্ষমতা। | শুল্কের হার |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| বার্ষিক দেয় ফি। | ত্রৈমাসিক দেয় ফি। | ভোগকৃত মওকুফ সুবিধা (যদি থাকে)। | ত্রৈমাসিক ভিত্তিতে প্রকৃত দেয় টাকার পরিমাণ। | পরিশোধের তারিখ (বিবরণসহ)। | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।